



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

[www.dhakaeducationboard.gov.bd](http://www.dhakaeducationboard.gov.bd)

নং-১২৮/ক/অনু:/২০১২/২৬৮৭

তারিখ: ০৬/২/২০২০

বিষয়: পাঠদানের মেয়াদ বৃদ্ধি প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিম্নলিখিত শাখা ও বিষয়সমূহ সহ নারায়ণগঞ্জ জেলার রূপগঞ্জ উপজেলাধীন “রূপসী নিউ মডেল স্কুল এন্ড কলেজ” এর পাঠদানের সময়সীমা ০১/০৭/২০১৫ তারিখ হতে ৩০/০৬/২০২১ তারিখ পর্যন্ত মোট ০৬ (ছয়) বছরের জন্য বৃদ্ধি করা হলো।

## শাখাসমূহ:

১। মানবিক ২। ব্যবসায় শিক্ষা

## বিষয়সমূহ:

আবশ্যিক:

- ১। বাংলা
- ২। ইংরেজি
- ৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

মানবিক:

- ১। ইসলাম শিক্ষা
- ২। পৌরনীতি ও সুশাসন
- ৩। সমাজবিজ্ঞান
- ৪। মনোবিজ্ঞান

ব্যবসায় শিক্ষা:

- ১। হিসাব বিজ্ঞান
- ২। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা
- ৩। ফিন্যান্স, ব্যাংকিং ও বীমা
- ৪। কৃষি শিক্ষা


শর্তসমূহ:

- ১। সকল শাখায় ছাত্র/ছাত্রীর সংখ্যা আরও বৃদ্ধি করতে হবে।
- ২। কলেজের সংরক্ষিত তহবিলে জমাকৃত ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা বোর্ডের পূর্বানুমতি ছাড়া উঠানো যাবে না।
- ৩। কলেজের দৈনন্দিন খরচ বহনের জন্য সাধারণ তহবিলে কমপক্ষে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা সব সময় জমা রাখতে হবে।
- ৪। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং-শা:৪/১০এম৫০/৮৩/৫৬০(১৫০০০)-শিক্ষা, তারিখ ১০ ই জুন, ১৯৮৪) পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ অধিদপ্তরের বে-সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের হিসাব রক্ষণ পদ্ধতি “নির্দেশিকা” অনুসারে ব্যাংকে একাউন্ট রাখতে হবে এবং ক্যাশ বহিতে হিসাব সংরক্ষণ করতে হবে।
- ৫। প্রত্যেক অর্থ বছরের শেষে কলেজের জমা খরচের হিসাব রেজিস্টার্ড অডিটর দ্বারা অডিট করাতে হবে এবং হালনাগাদ অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে।
- ৬। কলেজের জন্য ব্যবহৃত ভবন অন্য কোন কাজে ব্যবহার করা যাবে না।
- ৭। আগামী ০৩(তিন) বছরের মধ্যে নিজস্ব জমিতে ভবন নির্মাণ করে বোর্ডের অনুমতিক্রমে ক্যাম্পাস স্থানান্তর করতে হবে।

(অপর পাতায় দৃষ্টব্য.....২)

- ৮। কলেজের জন্য নিয়মিত গভর্নিং বডি গঠন করে যথাসময়ের মধ্যে গভর্নিং বডির সদস্যদের নামের তালিকা অনুমোদনের জন্য বোর্ডে পাঠাতে হবে (সভাপতির মাধ্যমে)।
- ৯। উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফল আরও উন্নীত করতে হবে।
- ১০। উল্লেখ্য, প্রতি পঞ্জিকাবর্ষের প্রতি ০৩ (তিন) মাসে গভর্নিং বডির ন্যূনতম একটি সভা অনুষ্ঠানসহ প্রবিধানমালা, ২০০৯ এর অন্যান্য সকল শর্ত পূরণ নিশ্চিত করতে হবে।
- ১১। কলেজের পরবর্তী অস্থায়ী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধি প্রদানের বিষয়ে নিম্নলিখিত রিপোর্ট ও প্রয়োজনীয় ফি পাওয়ার পর বিবেচনা করা হবে :
- (ক) উপরোক্ত শর্তগুলি পূরণ সংক্রান্ত রিপোর্ট
- (খ) কলেজের কার্য পদ্ধতি সম্পর্কে সন্তোষজনক পরিদর্শন রিপোর্ট
- (গ) অস্থায়ী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধির ফি বাবদ ১৫,০০০/- (পনের হাজার) টাকা সোনালী ব্যাংকের যে কোন শাখা থেকে সোনালী সেবার মাধ্যমে সচিব, ঢাকা শিক্ষা বোর্ড, এ জমা দিতে হবে।
- ১২। এ অনুমতিপত্রে উল্লিখিত কোন শর্তের ব্যত্যয় ঘটলে এ অনুমোদন স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে।

চেয়ারম্যানের আদেশক্রমে



কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ০২-৫৮৬১২৪৭৬

ইমেইল: ic@dhakaeducationboard.gov.bd

অধ্যক্ষ

“রূপসী নিউ মডেল স্কুল এন্ড কলেজ (EIN-112510)

রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

মেমো নং- ১৬৮৭ (৬)

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

- ১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪। পরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৬। অফিস কপি।



কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা

